

রমাদান পূর্ব পরিকল্পনাঃ ২০২২
(জমাদিউস সানি, রজব, শাবান মাস)

১। ব্যক্তিগত আত্মউন্নয়নের জন্যঃ

- কুর'আন অর্থসহ তেলাওয়াতঃ প্রতিদিন ৭পৃষ্ঠা করে
- কুর'আনিক শব্দার্থ মুখস্থঃ প্রতিদিন ৫টি করে
- কুর'আনের তাফসীরঃ

সূরা আন নিসা, ইউনুস, নূর, আহযাব, দুখান, হুজুরাত, বনী ইসরাইল, সূরা
কাহাফ, আস সাজদাহ, মূলক, কামার, হাদীদ ও ৩০তম পারার সূরা সমূহ

- তাফসীর থেকে নোট করে পড়াঃ

সূরা ইউনুসঃ ৫৭-৫৮, সূরা কামারঃ ৪০, সূরা হাদীদঃ ৫-১১, সূরা হাদীদঃ ১২- ২১,
সূরা নূরঃ ৩০-৩১ সূরা আহযাবঃ ৩২-৩৬

- মুখস্থঃ সূরা কাহাফঃ ১-১০ আয়াত, সূরা মূলক, সূরা সাজদাহ ও ৩০তম পারার
- হাদীস পাঠঃ বুলুগুল মারাম/ বুখারী শরীফ এর সালাত, সাওম, যাকাত/ফিতরা/সাদাকা
অধ্যায়(কমপক্ষে প্রতিদিন ২টি করে)
- দু'আ মুখস্থঃ সালাতে পঠিত বিষয়াদি ও নিত্য কাজের পূর্বের দু'আ সমূহ থেকে – প্রতি সপ্তাহে ৩টি
- বই নোটঃ রমাদানের সাওগাত (ড আব্দুল্লাহ জাহাংগির রহ), রজব থেকে রমাদান- ডায়রী
- যত্নশীল হতে হবেঃ নিজের খাদ্য ও ঘুম (শারিরীক ও মানসিক সুস্থতা)

ফরয সালাত, সাওম, পর্দা ও তাহাজ্জুদ সালাত ও দু'আ করা

যাকাত, দান সাদাকা

- যা থেকে দূরে থাকতে হবে-----অতিরিক্ত গল্প ও অতিরিক্ত কথা বলা থেকে

সামাজিক মিডিয়াতে অতিরিক্ত সময় দেয়া থেকে

ছবি দেয়া বা দেখা থেকে

গান শুনা/নাটক/মুভি দেখা থেকে

অপ্রয়োজনে শপিং মলে যাওয়া থেকে

যা ছাড়তে হবে----- রাগ, জোড়ে কথা বলা, অট্ট হাসি, গীবত, হিংসা, মিথ্যা বলা, ঝগড়া, কুধারনা

হারাম আয় ও হারাম পথে ব্যয় এবং অপ্রয়োজনীয় হালাল খরচ

২। পারিবারিক সম্পর্ক উন্নয়ন ও দায়িত্ব পালনঃ

- পরিবারের সদস্যদের সাথে একান্তে বসে মতবিনিময়, কথা বলা, তাদের কথা শুন।
- পারিবারিক তালিম(যার যার পরিবেশে হিকমাহ অবলম্বন)-প্রতি সপ্তাহে ১টি
- প্রতি মাসে উপহার প্রদানঃ ১টি, প্রতি মাসে একবার একসাথে কোথাও বেড়াতে যাওয়া।
- বিভিন্ন ধরনের প্রতিযোগিতার আসর করা-----প্রতি মাসে ১টি (খেলাধুলা, কুইজ)
- দ্বি-পরিবেশের সাথে সম্পর্ক করার চেষ্টা। স্কলারদের লেকচার শুনানো। সপ্তাহে-কমপক্ষে ১টি
- কুর'আন সহিহ তাজবীদের ব্যবস্থা করে ফেলা-(যারা পারেন না) জরুরী ভিত্তিতে
- যেকোন একটি তাফসীর বা মোটিভেশনাল ক্লাশের গ্রুপের সাথে সংযোগ করে দেয়া।

৩। আত্মীয় ও প্রতিবেশী, কলিগ

- প্রাধান্য অনুসারে সম্পর্কের উন্নয়নে ভূমিকা রাখা।-দাওয়াত/উপহার
- অনলাইন গ্রুপ করে সাপ্তাহিক বা পারিবারিক মোটিভেশনাল ক্লাশ শুরু করা।
- যেকোন একটি তাফসীর বা মোটিভেশনাল ক্লাশের গ্রুপের সাথে সংযোগ করে দেয়া।
- বই উপহার দেয়া বা বই সম্পর্কে আগ্রহ সৃষ্টি করা। কম পক্ষে প্রতিমাসে ৪জন
- কুর' আন সহিহ তাজবীদের ব্যবস্থা করে দেয়া(যারা পারেন না)

৪। অধিনস্থদের প্রতি (গৃহ কর্মী/ড্রাইভার/দাড়াওয়ান/ কর্মচারী)

- সততা ও আখলাকের শিক্ষা দেয়া, সালাতের ও পর্দার ব্যবস্থা রাখা
- সম্ভাব্য কাজ হালকা করে দেয়া, ক্ষমা করা, ঠান্ডা মাথায় বুঝানো
- তাদের প্রয়োজনীয় চাওয়ার ব্যবস্থা করা, উপহার দেয়া
- মাঝে মাঝেই খোঁজ নেয়া তাদের পরিবার ও পরিবেশের
- তাদের পরিবেশে দ্বি-পরিবেশের শিক্ষার ব্যবস্থা করার সুযোগ করা

৫। সামাজিক সাদাকায়ে জারিয়া

- নিজ নিজ দরিদ্র/ মিসকীন আত্মীয় বা প্রতিবেশীদের মৌলিক চাহিদা পূরনে সহায়তা করা
- যার যার গ্রামের মসজিদে-
ছইল চেয়ার, একটি ডিজিটাল প্রেসার মাথা ও অক্সিমিটার প্রদান।
বিশুদ্ধ পানির ব্যবস্থা, কুর'আন ও হাদীসের সেট দিয়ে পাঠাগার করে দেয়া।
টয়লেট ও হাত ধোয়ার উপযুক্ত হাইজিন পরিবেশের ব্যবস্থা করা।
সহিহ কুর'আন শিখার ব্যবস্থা করে দেয়া(উপযুক্ত আলেম দিয়ে)
- যার যার গ্রামের বাজার বা উপযুক্ত স্থানে পাবলিক টয়লেটের ব্যবস্থা সম্ভব হলে করে দেয়া ও মেইনটেনেন্সের জন্য মাসিক ভাতা দিয়ে লোক ঠিক করা।
- গ্রামের বৃদ্ধদের খোঁজ নেয়া ও মৌলিক চাহিদা পূরন হচ্ছে কি না সহযোগীতা করা।
- গাছ লাগানোর ব্যবস্থা করা

- সেলাই মেশিন বা রিকসা প্রদান
এছাড়া নিজস্ব পরিকল্পনা করে সাথে এড করে নিতে পারেন
মহান আল্লাহ আমাদের ইখলাসের সাথে আমল করার তাওফিক দান করুন।
কবুল করে নিন সকল প্রচেষ্টা।